গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১০৫.২০২১-১১১৭ | তারিখ: ২২ ভাদ্র ১৪২৮
০৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **রিট পিটিশন নং-৪১৫৬/২০২১ এ আদালতের নির্দেশনা বাস্তবায়ন এবং Contempt Petition নং- ২৭৩/২০২১ এর প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য প্রদান প্রসঙ্গে।**

সূত্র: জেলা পরিষদ শাখার ইউ. ও নোট নং-১৮১৪, তারিখ-২৫/০৮/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সুনামগঞ্জ জেলাধীন 'মার্কুলী (কাদিরগঞ্জ)-দবিরুল ইসলাম (থানাঘাট-সাউদ্রেশ্রীসহ)' আন্ত:জেলা খেয়াঘাট টোল আদায়ে বিরত রাখা হলে, উক্ত সময়ের জন্য ইজারা মূল্যের আনুপাতিক হারে ক্ষতিপূরণ প্রদানের নির্দেশনা সম্বলিত একটি পরিপত্র জারি করা হয়েছে। এ পরিপত্র অনুসরণে ইজারা কমিটির মাধ্যমে ক্ষতিপূরণ বাবদ অর্থ নিরুপন করে এ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট-কে অনুরোধ জানানো হয়েছে। সে প্রেক্ষিতে খেয়াঘাট দু'টির সংশ্লিষ্ট ইজারাদারগণকে নিম্নবর্ণিত হারে ক্ষতিপূরণ প্রদানের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট কর্তৃক সুপারিশ করা হয়:

| ক্রমিক | আন্তঃজেলা খেয়াঘাট | সংশ্লষ্ট ইজারাদার | প্রস্তাবিত ক্ষতিপূরণ মূল্য |
|---|---|---|---|
| ১. | সুনামগঞ্জ জেলাধীন 'মার্কুলী (কাদিরগঞ্জ)-দবিরুল ইসলাম (থানাঘাট-সাউদ্রেশ্রীসহ)' আন্ত:জেলা খেয়াঘাট | জনাব দিগেশ দাস | ৮,০২৭/-(আট হাজার সাতাশ) টাকা |
| ২. | হবিগঞ্জ জেলাধীন লক্ষীপাশা-পাহাড়পুর আন্ত:জেলা খেয়াঘাট | জনাব শ্রীচরণ মাহিষ্য দাস | ১৪,৮৯১/-(চৌদ্দ হাজার আটশত একানব্বই) টাকা |

উক্ত প্রস্তাবটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং সংশ্লিষ্ট ইজারাদারগণের অনুকূলে উল্লিখিত ক্ষতিপূরণ মূল্য পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখা থেকে বিভাগীয় কমিশনার, সিলেট-কে অনুরোধ জানানো হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪১৫৬/২০২১ এ আদালতের নির্দেশনা বাস্তবায়ন এবং Contempt Petition নং- ২৭৩/২০২১ এর প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে জেলা পরিষদ শাখা থেকে প্রাপ্ত সকল কাগজপত্র আদালতে উপস্থাপনের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি-১

৬-৯-২০২১
মোঃ মহিউদ্দীন শামীম
সহকারি সচিব
ফোন: ৯৫৪০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব মো: আশরাফুল আলম, বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১০৫.২০২১-১১১৭/১(৪) | তারিখ: ২২ ভাদ্র ১৪২৮

০৬ সেপ্টেম্বর ২০২১


সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২) উপসচিব, জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর , স্থানীয় সরকার বিভাগ

৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৬-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব